গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৭

**বিনম্র শ্রদ্ধায় রাজশাহীতে 'জুলাই শহিদ দিবস' পালিত**

রাজশাহী, ০১ শ্রাবণ (১৬ জুলাই):

আজ ১৬ জুলাই (বুধবার) জুলাই শহিদ দিবস-২০২৫। সারাদেশের ন্যায় রাজশাহীতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালিত হয়। দিবসটি উপলক্ষ্যে বেলা এগারোটায় রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জুলাই গণঅভ্যুত্থানে আহত ও শহিদদের স্মরণে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

স্মরণ সভা ও দোয়া মাহফিলের শুরুতে জুলাই গণহত্যায় শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। জুলাই স্মরণসভায় শহিদ পরিবারের সদস্যরা বক্তব্য রাখতে গিয়ে কান্নায় ভেঙে পড়েন। তাঁরা জুলাই আন্দোলনে হত্যার সাথে জড়িতদের বিচারের দাবী জানান ।

প্রধান অতিথির বক্তৃতার শুরুতে বিভাগীয় কমিশনার জুলাই আন্দোলনে শহিদদের আত্মার মাগফেরাত কামনাসহ আন্দোলনে আহত ও অংশগ্রহণকারীদের শ্রদ্ধার সাথে স্মরণ করেন। 'শহরের প্রাণকেন্দ্র থেকে একজন দৌড়ে এলো আর তারা তাকে হত্যা করলো, কী নির্মম। আল্লাহ তাকে জানিয়ে দিলেন তুমি জান্নাতে প্রবেশ করো। সে বললো হায় আমার লোকেরা যদি জানতো আল্লাহ আমাকে কী মর্যাদা দিয়েছেন– সূরা ইয়াসিনের এসব আয়াতের **উদ্ধৃতি** দিয়ে এর সাথে জুলাই শহিদদের মিল আছে বলে তিনি মন্তব্য করেন।

এসময় সূরা ইয়াসিনের ঐ ব্যক্তির মতো আমাদের শহিদরা যেন জান্নাতের সুসংবাদ পায় তিনি সেই প্রার্থনা করেন।

জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, রাজশাহী রেঞ্জের অতিরিক্ত জিআইজি মো. সারোয়ার জাহান এবং পুলিশ সুপার ফারজানা ইসলাম। অন্যান্যের মধ্যে শহিদ পরিবারের সদস্যগণ, জুলাইযোদ্ধা, মুক্তিযোদ্ধা, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, সুশীল সমাজের প্রতিনিধি এবং গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

পরে শহিদ আবু সাঈদকে নিয়ে বিভাগীয় কমিশনারের লেখা কবিতা আবৃত্তি করেন জেলা কালচারাল অফিসার মো. শাহাদৎ হোসেন। শেষে দোয়া মাহফিলে শহিদদের আত্মার মাগফিরাত ও আহতদের সুস্থতা কামনা করা হয়।

..................................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৩:৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd